**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগরতলা পুর নিগম ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ৯৭৫ কোটি ৯১ লক্ষ টাকার বাজেট পেশ করেছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, পিএম স্বনিধি প্রকল্প পথ ব্যবসায়ীদের আর্থিক অন্তর্ভুক্তি ও স্বনির্ভরতার সুযোগ বাড়িয়েছে।**

**(৩) কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান দেশব্যাপী 'ক্ষেত বাঁচাও অভিযান' এর সূচনা করেছেন।**

**(৪) কৃষিমন্ত্রী রতন লাল নাথ কৃষকদের রাসায়নিক সারের ব্যবহার কমিয়ে অন্তত ২৫ শতাংশ জমিতে প্রাকৃতিক চাষাবাদ করার আহ্বান জানিয়েছেন।**

****************************************

**AMC Budget :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ ২০২৬-২৭ অর্থ বছরের জন্য পুর নিগমের বাজেট অধিবেশনে ৯৭৫ কোটি ৯১ লক্ষ ২ হাজার টাকার বাজেট পেশ করেছেন। পাঁচ বছর মেয়াদের চলতি পুর নিগমের পরিচালক কমিটির এটাই হল শেষ বাজেট অধিবেশন।

পুর নিগমের মেয়র শ্রী মজুমদার সাংবাদিকদের জানান, বাজেটে নতুন কোনও করারোপের প্রস্তাব নেই। তবে বাজেটে সামগ্রিক ঘাটতি রয়েছে ৯৭ কোটি ৬৭ লক্ষ টাকা। তিনি বলেন, পুর নিগমের ইতিহাসে এই প্রথম ই-বাজেট পেশ করা হয়।

পুর মেয়র দীপক মজুমদার জানান, ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে রাজস্ব প্রাপ্তি ধরা হয়েছে ১৬৯ কোটি ৯২ লক্ষ ২৫ হাজার টাকা। রাজস্ব ব্যয় ১৩৯ কোটি ৪৫ লক্ষ ৫৯ হাজার টাকা। এরফলে ৩০ কোটি ৪৬ লক্ষ ৬৬ হাজার টাকা রাজস্ব উদ্বৃত্ত অর্জিত হবে বলে আশা করা হচ্ছে। তিনি আরো বলেন, প্রস্তাবিত বাজেটে মূলধনী ধরা হয়েছে ৮০৫ কোটি ১ লক্ষ ১০ হাজার টাকা। এক্ষেত্রে মূলধনী ব্যয়ে ৮৩৬ কোটি ৪৫ লক্ষ ৪৩ হাজার টাকা। সামগ্রিকভাবে প্রস্তাবিত বাজেটে মোট প্রাপ্ত ধরা হয়েছে, ৯৭৪ কোটি ৯৩ লক্ষ ৩৫ হাজার টাকা। মোট ব্যয় ৯৭৫ কোটি ৯১ লক্ষ ২ হাজার টাকা। এরফলে সামগ্রিক ঘাটতি দাড়াবে ৯৭ লক্ষ ৬৭ হাজার টাকা।

মেয়র শ্রী মজুমদার বলেন, আগরতলা শহরকে একটি আধুনিক ও নাগরিক স্বাচ্ছন্দ্যময় করে তোলার উদ্দেশ্য নিয়ে কাজ করছে পুর নিগম। এই উদ্দেশ্যে বাজেটে বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রস্তাব রাখা হয়েছে। আগরতলাকে মশামুক্ত শহর হিসাবে গড়ে তোলার কর্মসূচী নেওয়া হয়েছে। শহর থেকে বৃষ্টির জল দ্রুত নিষ্কাশনের জন্য কাটাখালকে পুনরায় সংস্কার ও খনন করার পাশাপাশি হাওড়া নদীকেও সংস্কার করার প্রস্তাব করা হয়েছে।

আগরতলায় পুর নিগমের উদ্যোগে গড়ে তোলা সিভিল হাসপাতাল খুব শিগগিরই চালু করা হবে। এই হাসপাতালের বহির্বিভাগ অর্থাৎ ওপিডি পরিসেবা শুরু হবে বিকেল বা সন্ধ্যা থেকে। গরীব ও দুঃস্থ পরিবারও যেন, বিয়ে বা অন্যান্য সামাজিক ও পারিবারিক অনুষ্ঠানের জন্য স্বল্প মূল্যে বাড়ি ভাড়া পেতে পারেন, সেই উদ্দেশ্যে নিগমের পক্ষ থেকে শহরে একটি বিয়ে বাড়ি নির্মানের প্রস্তাব করা হয়েছে বাজেটে। তিনি জানান, পুর নিগমের উন্নয়ন কাজ তরান্বিত করতে নিগমের পক্ষ থেকে ১০০ কোটি টাকার বন্ড বাজারে ছাড়ার প্রস্তাব করা হয়েছে। শহরের দুর্গা চৌমুহনী, লেক চৌমুহনী বাজার, জিবি বাজার ও বর্ডার গোল চক্কর বাজারের আধুনিকীকরণ ও সৌন্দর্যায়ন করা হবে। বাজেটে পুর নিগমের ৯টি পুর ওয়ার্ড অফিস নতুন করে তৈরি করার প্রস্তাব করা হয়েছে।

নিগমের সব পুর ওয়ার্ড অফিসেও পুর কর জমা রাখার ব্যবস্থা করা হচ্ছে।

***************************

**Rajya Sabha Election :**

নির্বাচন কমিশন আজ ১০টি রাজ্য থেকে রাজ্যসভার ২৪টি আসনের দ্বিবার্ষিক নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করেছে।

মহারাষ্ট্র, তামিলনাড়ু ও ওড়িশায় একটি করে রাজ্যসভা আসনের উপনির্বাচনের বিজ্ঞপ্তিও আজ জারি করা হয়েছে। আজ থেকে ৮ই জুন দুপুর তিনটে পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ১১ই জুন। আগামী ১৮ই জুন ভোটগ্রহণ ও ভোট গণনা অনুষ্ঠিত হবে।

***************************

**PM SVANidhi Scheme :**

পিএম স্বনিধি প্রকল্প আজ ছয় বছর পূর্ণ করেছে। এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রকল্পটির ভূয়সী প্রশংসা করে বলেন, এটি পথ ব্যবসায়ীদের জীবনে গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে এবং তাঁদের আর্থিক অন্তর্ভুক্তি ও স্বনির্ভরতার সুযোগ বাড়িয়েছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্প আস্থা, মর্যাদা ও ক্ষমতায়নের প্রতীক। ২০২০ সাল থেকে এখন পর্যন্ত প্রায় ১ কোটি ১২ লক্ষ ঋণ বিতরণ করা হয়েছে এবং প্রায় ৭৫ লক্ষ উপভোক্তা এর সুবিধা পেয়েছেন। তিনি আরও জানান, এই প্রকল্পে ডিজিটাল লেনদেনেও উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং সরকার এই প্রকল্পের মেয়াদ ২০৩০ সালের মার্চ পর্যন্ত বাড়িয়েছে।

*************************

**Census :**

আসন্ন জনগণনার প্রস্তুতি হিসাবে আজ আগরতলার সরকারী অতিথিশালায় তিনদিনের প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে গৃহ তালিকা ও আবাসন সংক্রান্ত জনগণনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণে জনগণনার পদ্ধতি, তথ্য সংগ্রহের নিয়ম এবং মাঠপর্যায়ে কাজের কৌশলসহ তথ্যের নির্ভুলতা ও গুণগত মান বজায় রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

*************************

**Youth Congress :**

প্রদেশ যুব কংগ্রেস শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বিদ্যাজ্যোতি সহ সমস্ত সরকারি ও সরকারী অনুদানপ্রাপ্ত স্কুলে অবিলম্বে বিনামূল্যে শিক্ষার ব্যবস্থা চালু করার দাবি জানিয়েছে। প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, নেশার বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য প্রদেশ যুব কংগ্রেসের পক্ষ রাজ্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে।

***************************

**SFI Deputation :**

রাজ্যের ডিগ্রি কলেজে ভর্তির জন্য অনলাইনে ফর্ম পূরণের জন্য আরও পাঁচ দিন সময় বাড়ানোর দাবি জানিয়েছে এস.এফ.আই। আজ এই দাবিতে সংগঠনের রাজ্য সম্পাদক সৃজন দেবের নেতৃত্বে এক প্রতিনিধি দল উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Khet Bachao Abhiyan :**

কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ মধ্যপ্রদেশের রায়সেন জেলার রামসিয়া গ্রামে দেশব্যাপী 'ক্ষেত বাঁচাও অভিযান' কর্মসূচির উদ্বোধন করেছেন। এই কর্মসূচিটি এক মাস ধরে চালু থাকবে। এর লক্ষ্য হলো কৃষিজমি রক্ষা করা এবং কৃষকদের মধ্যে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদে উৎসাহিত করা। অনুষ্ঠানে কৃষকদের উদ্দেশে ভাষণ দিতে গিয়ে শ্রী চৌহান বলেন, 'ক্ষেত বাঁচাও অভিযান'-এর উদ্দেশ্য হলো মাটি ও কৃষিজমি রক্ষা করা। তিনি কৃষকদের রাসায়নিক সারের ব্যবহার সীমিত করার জন্য অনুরোধ করেন।

কৃষি বিশ্ববিদ্যালয়, ভারতীয় কৃষি গবেষণা পরিষদ, কৃষি বিজ্ঞান কেন্দ্র এবং নির্বাচিত জনপ্রতিনিধিরা এই প্রচারাভিযানে অংশ নেবেন। কৃষকদের মাটি পরীক্ষা, সয়েল হেলথ কার্ড, প্রাকৃতিক চাষাবাদ, সারের সুষম ব্যবহার এবং জল সংরক্ষণের কৌশল সম্পর্কে তথ্য দেওয়া হবে। তাঁদের নকল সার, বীজ ও কীটনাশক চেনার বিষয়েও শেখানো হবে। এই প্রচারাভিযান চলাকালীন, কৃষকদের সরকারি প্রকল্পগুলির সহায়তাও দেওয়া হবে। এর মধ্যে রয়েছে পিএম কিষাণ সম্মান নিধি, শস্য বীমা প্রকল্প, কিষাণ ক্রেডিট কার্ড এবং কৃষি যান্ত্রিকীকরণ কর্মসূচি।

*****************************

**Package Story-Sweet Grapes :**

রাজ্যে প্রথমবারের মতো মিষ্টি আঙুর চাষে গবেষণামূলক সাফল্য অর্জন করেছে কৈলাশহর কৃষি বিজ্ঞান কেন্দ্র বা কে.ভি.কে। নাবার্ডের আর্থিক সহায়তায় গত বছরের আগস্ট মাসে কে.ভি.কে-র নিজস্ব ১৫ শতক জমিতে রোপণ করা হয়েছিল আঙুরের কলম করা চারা। মাত্র কয়েক মাসের মধ্যেই সেই গাছে ফলন হয়েছে কালো ও সবুজ-দুই রঙের সুস্বাদু মিষ্টি আঙুর। একটি প্রতিবেদন।

#########VC#######

**************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ দেশব্যাপী শুরু হওয়া 'ক্ষেত বাঁচাও অভিযান'-এর অংশ হিসেবে কৃষকদের রাসায়নিক সারের ব্যবহার কমিয়ে অন্তত ২৫ শতাংশ জমিতে প্রাকৃতিক চাষাবাদ করার আহ্বান জানিয়েছেন। আজ বিলোনিয়া মহকুমার রাজনগর ব্লক এলাকায় ৩ কোটি ১২ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত এগ্রি ডেভেলপমেন্ট রিসার্চ-কাম-ট্রেনিং সেন্টারের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষকদের বিভিন্ন সরকারি সুবিধা ও কৃষিযন্ত্র সরবরাহের ফলে রাজ্যে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। কৃষিজমি খালি না রেখে সরকারি প্রকল্পের সুবিধা গ্রহণ করে উৎপাদন বৃদ্ধি করার জন্য তিনি কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

তাছাড়া কৃষিমন্ত্রী আজ বিলোনিয়া ইংলিশ মিডিয়াম স্কুলের পাশে ১ কোটি ৯৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত কৃষি উপ-অধিকর্তার কার্যালয় এবং বিসি নগরে ৩ কোটি ১১ লক্ষ ২৯ হাজার টাকা ব্যয়ে নির্মিত আরও একটি এগ্রি ডেভেলপমেন্ট রিসার্চ-কাম-ট্রেনিং সেন্টারের উদ্বোধন করেন।

**************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দু'তিন দিনের মধ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু কেরলম ও তামিলনাড়ু-র কিছু অংশে প্রবেশ করার সম্ভাবনা রয়েছে। ওই দুটি রাজ্যে বর্ষার আনুষ্ঠানিক প্রবেশের জন্য অনুকুল আবহাওয়া রয়েছে। ভারতীয় আবহাওয়া বিভাগের পক্ষ থেকে আগামী ৬ ও ৭ই জুন ত্রিপুরা, মিজোরাম, মণিপুর নাগাল্যান্ডে ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৩ ডিগ্রি সেলসিয়াস।

************************